

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়  
বিমান শাখা  
www.mocat.gov.bd.

নং- ৩০.০০.০০০০.০১৭.০৬.০৩৯.১২-৭৮

তারিখ: ০২ ফেব্রুয়ারি ২০১৭

প্রজ্ঞাপন

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের আওতাধীন বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের সার্বিক সংস্কার ও উন্নয়নের লক্ষ্যে মতামতসহ প্রতিবেদন প্রদানের জন্য নিম্নলিখিতভাবে একটি কমিটি গঠন করা হলো:

ক্রমিক	নাম ও পদবী	কমিটিতে পদবী
০১.	অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), এ মন্ত্রণালয়	* আহ্বায়ক
০২.	প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি	সদস্য
০৩.	ডিজিএফআই এর প্রতিনিধি	সদস্য
০৪.	এনএসআই এর প্রতিনিধি	সদস্য
০৫.	কাস্টমস (শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর) এর প্রতিনিধি	সদস্য
০৬.	বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর প্রতিনিধি	সদস্য
০৭.	বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর প্রতিনিধি	সদস্য

২। কার্যপরিধি:

- ইতোপূর্বে সম্পাদিত বিমান দুর্ঘটনা, স্বর্ণ চোরাচালানসহ বিভিন্ন তদন্ত প্রতিবেদন এবং গোয়েন্দা প্রতিবেদন পর্যালোচনাতে বিমানের প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান প্রশাসনিক ব্যবস্থাপনা উন্নয়নে সুপারিশ প্রণয়ন;
- ইতোপূর্বে সম্পাদিত বিমান দুর্ঘটনা, স্বর্ণ চোরাচালানসহ বিভিন্ন তদন্ত প্রতিবেদন এবং গোয়েন্দা প্রতিবেদন পর্যালোচনাতে বিমানের চিহ্নিত নিরাপত্তা দুর্বলতা দূরীকরণসহ বিদ্যমান নিরাপত্তা ব্যবস্থা উন্নয়নে/জোরদারকরণে সুপারিশ প্রণয়ন;
- বিমানকে লাভজনক প্রতিষ্ঠান হিসেবে উন্নীতকরণের লক্ষ্যে ফ্লাইট সিডিউল যথাযথভাবে প্রতিপালন/রক্ষা করা, অনলাইন টিকেট বিক্রয় এবং আসন খালি থাকা সংক্রান্ত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক তা বন্ধের লক্ষ্যে সুপারিশ প্রণয়ন;
- যাত্রী সেবার মান বৃদ্ধির লক্ষ্যে বিমানের ব্যাগেজ হ্যাণ্ডলিং কার্যক্রম পর্যালোচনা করে দ্রুততম সময়ের মধ্যে নির্বিঘ্নভাবে ব্যাগেজ ডেলিভারীর বিষয়ে সুপারিশ প্রণয়ন;
- গ্রাউন্ড হ্যাণ্ডলিং ও কার্গো হ্যাণ্ডলিং কার্যক্রমের উন্নয়নের সুপারিশ প্রণয়ন;
- কমিটি সকল বিষয়ে সুপারিশ প্রণয়নপূর্বক আগামী ০১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে;
- বিবিধ।

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,  
স্বাক্ষরিত/-০২-০২-২০১৭  
(নিলুফার জেসমিন খান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫১৪৩৫৩  
E-mail: biman@mocat.gov.bd

নং- ৩০.০০.০০০০.০১৭.০৬.০৩৯.১২-৭৮

তারিখ: ০২ ফেব্রুয়ারি ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। (একজন উপযুক্ত কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)
- চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা  
(শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এর একজন উপযুক্ত কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)।
- মহাপরিচালক, ডিজিএফআই, ঢাকা সেনানিবাস, ঢাকা (একজন উপযুক্ত কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)
- মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।  
(একজন উপযুক্ত কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)
- চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।  
(একজন উপযুক্ত কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)
- ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, কুর্মিটোলা, ঢাকা  
(কমিটিতে সার্বিক সহায়তা প্রদান এবং একজন উপযুক্ত কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
- সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
- উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
- অতিরিক্ত সচিব (বিমান ও সিএ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- খুণ্ডাসচিব (বিমান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

  
(নিলুফার জেসমিন খান)  
সিনিয়র সহকারী সচিব